

## 💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৯০৯

৫. হজ অধ্যায় (كتاب المناسك)

পরিচ্ছেদঃ ৪৬. মিনায় অবস্থানকালে আরাফাতে যাওয়া পর্যন্ত কত ওয়াক্ত সালাত আদায় করতে হয়

بَابِ كُمْ صَلَاةً يُصِلِّي بِمِنِّي حَتَّى يُغْدَى إِلَى عَرَفَاتِ

## আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ أَحْمَدَ وَأَحْمَدُ بْنُ مُحَمَّدِ بْنِ حَنْبَلٍ عَنْ إِسْحَقَ بْنِ يُوسُفَ حَدَّثَنَا سُفْيَانُ التَّوْرِيُّ عَنْ عَبْدِ الْعَزِيزِ بْنِ رُفَيْعٍ قَالَ قُلْتُ لِأَنسِ بْنِ مَالِكٍ حَدِّثْنِي بِشِيْءٍ عَقَلْتَهُ عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَيْنَ صَلَّى الظُّهْرَ يَوْمَ التَّرْوِيَةِ قَالَ بِمِنًى قَالَ قُلْتُ فَأَيْنَ صَلَّى الظُّهْرَ يَوْمَ التَّرْوِيَةِ قَالَ بِمِنًى قَالَ قُلْتُ فَأَيْنَ صَلَّى الظُّهْرَ يَوْمَ التَّرْوِيَةِ قَالَ بِمِنًى قَالَ قُلْتُ فَأَيْنَ صَلَلًى النَّهُ مَا يَصِنْعُ أُمْرَاوُكَ

## বাংলা

১৯০৯. আব্দুল আযীয ইবনু রুফা'ঈ বলেন, আমি আনাস ইবনু মালিক রাদ্বিয়াল্লান্থ আনহুকে বললাম, আপনি আমাকে এমন একটি বিষয় বলুন, যা আপনি রাসূলুল্লাহ সাল্লাল্লান্থ আলাইহি ওয়া সাল্লাম থেকে মনে রেখেছেন। তিনি 'ইয়ামুত তারবিয়াহ' তে (৮ই জিলহাজ্জ) কোথায় যুহরের সালাত আদায় করেছেন? তিনি বললেন, মিনায়। আমি বললাম, ইয়ামুন নাফর' (মিনা হতে যাত্রা করার দিন) তিনি কোথায় আসর সালাত আদায় করেছেন? তিনি বললেন, 'আবতাহ' (উপত্যকা)-তে। এরপর তিনি বললেন: তোমাদের (হাজ্জের) আমীরগণ যা করেন, তোমরাও তা করো।'[1]

## ফুটনোট

[1] তাহকীক: এর সনদ সহীহ। এটি বুখারী মুসলিমের সম্মিলিত বর্ণনা।

তাখরীজ: বুখারী, হাজ্জ ১৬৫৩; মুসলিম, হাজ্জ ১৩০৯। এছাড়া ইবনু খুযাইমা নং ২৭৯৬, ২৭৯৭। আমরা এর পূর্ণ তাখরীজ ও টীকা দিয়েছি মুসনাদুল মাউসিলী নং ৪০৫৩ ও সহীহ ইবনু হিব্বান নং ৩৮৪৬ তে। পরবর্তী টিকাটিও দেখুন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিসবিডি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন